

ছাত্রদলের অছাত্র নেতাদের দাপটে চাৰি জিম্মি

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ছাত্রদলের অছাত্র নেতাদের দাপটে ঢাকা বিশ্ববিদ্যালয় প্রশাসন ও সাধারণ ছাত্ররা জিম্মি হয়ে পড়েছে। বোদ ছাত্রদের বিশ্ববিদ্যালয় শাখার নেতারা এদের জন্য বিপাকে পড়েছেন। এরা একের পর এক অপরাধ কর্মকাণ্ড করে এলেও ছাত্রত্ব না থাকার কারণে প্রশাসন তাদের বিরুদ্ধে কোন একাডেমিক ব্যবস্থা এবং উপরের মহলের চাপে শাখা ছাত্রদের ওদের বিরুদ্ধে কোন ব্যবস্থা নিতে পারছে না।

জানা গেছে ঢাকা বিশ্ববিদ্যালয়ের এসএম হল, এফ রহমান হল এবং মুক্তিযোদ্ধা জিয়াউর রহমান হলের অছাত্র নেতাদের দাপটে হল প্রশাসন রীতিমতো জিম্মি। এসএম হলের ছাত্রদল সভাপতি লিংকন এবং সাধারণ সম্পাদক সোহাগ দু'জনই অছাত্র। মিছিলে না যাওয়ার কারণে এরা হলের সাধারণ ছাত্রদের ওপর গত দু'সপ্তাহ ধরে বিভিন্ন ধরনের অত্যাচার-নির্ব্যতন চালিয়ে আসছে। সর্বশেষ গত শুক্রবার রাত্রে ঢাকা বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতির সাধারণ সম্পাদকের কক্ষে জোরপূর্বক এক ছাত্রকে তারা তুলে দেয়। সংগঠনের শাখা সভাপতি আমীরুল ইসলাম আলিম ও সাধারণ সম্পাদক হাসান মামুন এবং সাংবাদিক সমিতির নেতৃবৃন্দ উপরোক্ত ঘটনাসহ হলের সার্বিক পরিবেশ পরিদর্শন করতে যান ওইদিন রাত ১১টার দিকে। কিন্তু এদের সবার সামনেই অছাত্র

ওই দুই নেতার নির্দেশে বেলাল, সাগর, পরীক্ষা, বাবু, সুমন, শামীম সাংবাদিকদের ওপর হামলা চালায়। এ সময় আমীরুল ইসলাম আলিম ও হাসান মামুন ক্যাডারদের নিবৃত্ত করার আশ্রয় চেষ্টি চালান। কিন্তু কেন্দ্রীয় নেতা মাসুদ ইকবাল মাহমুদ টিটো তখন নীরব দর্শকের ভূমিকা পালন করেন। হল প্রভোস্ট অধ্যাপক নূরুল ইসলাম এ সময় উপস্থিত ছিলেন। পরে সাংবাদিক সমিতি ওই হলে অবস্থানরত সাংবাদিকদের নিরাপত্তার জবাবে হল থেকে প্রত্যাহার করে নিয়ে আসে। এ ঘটনা বিশ্ববিদ্যালয় প্রশাসনকে জানানো হলেও শেষ খবর পাওয়া পর্যন্ত দোষীদের বিরুদ্ধে কোন ব্যবস্থা নেয়া হয়নি। তবে উপাচার্য সাংবাদিকদের জানান, ছাত্রত্ব না থাকলে এদের বিরুদ্ধে আমরা কি ব্যবস্থা নিতে পারি?